

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২১

তারিখঃ ০৯/০৮/২০০৫ইং

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**ইইএফ সহায়তাপ্রাপ্ত প্রকল্প-Impact study I**

আপনাদেরকে জানানো যাচ্ছে যে, যে সমস্ত প্রকল্পে ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে সে সমস্ত প্রকল্পের অগ্রগতি ও ফলাফলের উপর impact evaluation পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যা ভবিষ্যতে উপযুক্ত প্রকল্প নির্বাচনে সহায়তা করবে। এই প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে :

ক) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ইইএফ সহায়তার জন্য প্রকল্প প্রস্তাবনা যা ইতিমধ্যেই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয়েছে সে সকলের মূল্যায়ন স্থগিত থাকবে। তবে মূল্যায়নের জন্য ইতিমধ্যে ০৯/০৮/২০০৫ তারিখ পর্যন্ত গৃহীত প্রকল্পের তালিকা অবিলম্বে বাংলাদেশ ব্যাংকে সরবরাহ করতে হবে।

খ) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নুতন ইইএফ সহায়তার আবেদন গ্রহণ স্থগিত থাকবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১৬৩৬৫০